দৈনিক ইত্তেফাক

তারিখ 23 NOV 1993
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

# পাঠাভ্যাস গড়িয়া তোলার লক্ষ্যে বাংলা একাডেমীর 'আনন্দ পঠন' প্রকল্প

ইত্তেফাক রিপোর্ট ।। ছাত্র-ছাত্রীদের মধ্যে পাঠাভ্যাস গড়িয়া তোলা ও বই পড়াকে একটি আনন্দদায়ক অভিজ্ঞতায় পরিণত করার লক্ষ্যে বাংলা একাডেমী 'আনন্দ পঠন প্রকল্প' নামে এক কর্মসূচী গ্রহণ করিয়াছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য এই প্রকল্পের কোর্স পরিচালিত হইবে। প্রথম পর্যায়ে এই প্রকল্পের কাজ চলিবে '৯৪ সালের জানুয়ারী হইতে ডিসেম্বর পর্যন্ত। কোর্সে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীরা ৫০ শতাংশ কমিশনে একাডেমী প্রকাশিত বই কিনিতে পারিবে এবং কোর্স শেষে পঠিত বইয়ের উপর পরীক্ষায় যাহারা ভালো করিবে তাহাদের মধ্যে প্রথম দশজনকে বিশেষ পুরস্কার দেওয়া হইবে।

গত রবিবার একাডেমীর সেমিনারকক্ষে 'আনন্দ পঠন' প্রকল্পের উপর এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। একাডেমীর মহাপরিচালক প্রফেসর হারুন-উর-রশিদের সভাপতিত্বে এই সভায় মহানগরীর ৮০টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও শিক্ষক প্রতিনিধি উপস্থিত ছিলেন। আনন্দ পঠন প্রকল্প বাস্তবায়নের জন্য তিনি সকল মহলের সহযোগিতা কামনা করেন।